গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
পারসোনাল-৩ শাখা

নং- ৫৯.০০.০০০০.১১১.৯৯.০০৩.২১.২১২

তারিখ- ০৩ জানুয়ারি ২০২৪

বিষয়ঃ **মংবাচিং পাড়া স্যাটেলাইট ক্লিনিক, ২নং তিন্দু ইউনিয়ন, থানচি, বান্দরবান পরিদর্শন।**

সূত্রঃ এ বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং-৫৯.০০.০০০০.১০৪.৯৯.০০৯.২২.১৩৪৬; তারিখ ০১.১১.২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে গত ৯/১২/২০২৩ তারিখে বেলা ০৩ঃ০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারী কর্তৃক মংবাচিং পাড়া স্যাটেলাইট ক্লিনিক, ২নং তিন্দু ইউনিয়ন, থানচি, বান্দরবান পরিদর্শন করা হয়।



পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ (০৯-১৪ ডিসেম্বর) ২০২৩ উপলক্ষ্যে মাঠপর্যায়ে স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে সেবা প্রদান চলমান ছিল। সেবা প্রদান করছিলেন জনাব শর্বরী বড়ুয়া, পরিবার কল্যাণ পরিদর্শিকা। ২ নং তিন্দু ইউনিয়নের সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন। আমার সঙ্গে ছিলেন জনাব ডাঃ অং চালু, সহকারী পরিচালক (সিসি), পরিবার পরিকল্পনা, বান্দরবান এবং জনাব শম্ভু চন্দ্র দেব, উপজেলা পরিবার

পরিকল্পনা কর্মকর্তা, থানচি, বান্দরবান। স্যাটেলাইট ক্লিনিক পরিদর্শনের পর তিন্দু বাজার এবং মংবাচিং পাড়ার সেবাগ্রহীতা, গর্ভবতী মা, কিশোর-কিশোরী, সাধারণ রোগীদের সাথে মতবিনিময় করা হয়।



মংবাচিং পাড়া স্যাটেলাইট ক্লিনিক, ২নং তিন্দু ইউনিয়ন, থানচি, বান্দরবান পরিদর্শন প্রতিবেদন

ক্রমিক নং	পরিদর্শনকৃত বিষয়	বিবরণ
০১	পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	মংবাচিং পাড়া স্যাটেলাইট ক্লিনিক, ২নং তিন্দু ইউনিয়ন, থানচি, বান্দরবান
০২	পরিদর্শনের তারিখ ও সময়	০৯/১২/২০২৩ খ্রিঃ, বেলা ০৩ঃ০০ ঘটিকা
০৩	পূর্ববর্তী সর্বশেষ পরিদর্শন প্রতিবেদন আলোকে গৃহীত কার্যক্রম	-
০৪	প্রতিষ্ঠানের জনবলের সার্বিক অবস্থা 	FWV ০১ জন, FPI ০১ জন, FWA ০৩ জন, PPV ০৩ জন, AIYA ০১ জন এবং আনসার ০১ জন।
০৫	পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি	মংবাচিং পাড়া স্যাটেলাইট ক্লিনিক, ২নং তিন্দু ইউনিয়ন, থানচি, বান্দরবান সকলেই উপস্থিত ছিলেন।
০৬	পরিদর্শনকালে Stackholder মতামত/পরামর্শ 	তিন্দু ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে উপস্থিত সেবা গ্রহিতাদের সাথে সেবার মান নিয়ে জিজ্ঞাসাবাদ করলে তারা সেবার মান সন্তোষজনক মর্মে জানান। কিন্তু যাতায়াত ব্যবস্থা ভাল না থাকায় তাদের এখানে এসে সেবা নিতে বেশ কষ্ট হয় বলে জানান। তাছাড়া এখানে কোনো স্থায়ী কেন্দ্র না থাকাতে তাদের চরম ভোগান্তিতে পড়তে হয়।

০৭	আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে)	আর্থিক বিষয়াদি পর্যবেক্ষন করা হয়নি, তবে ইউনিয়নে সরাসরি বাজেট আসে কি না জানতে চাইলে বলেন যে, বাজেট সরাসরি আসে না তবে মালামাল চাহিদা দিলে উপজেলা থেকে সরবরাহ করা হয়। এ বিষয়ে বাজেট সরাসরি ইউনিয়নে প্ররনের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, থানচিকে অনুরোধ করা হয়
০৮	প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিচ্ছন্নতা	মনোরম পরিবেশে স্যাটেলাইট ক্লিনিক অনুষ্ঠিত হয়েছে।
০৯	প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নেই।
১০	প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রের বাস্তব অবস্থা	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নেই।
১১	কোন সমস্যা/চাহিদা	তিন্দু ইউনিয়নে কোন "ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র" না থাকায় ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নবনির্মিত হলে এলাকার সাধারণ জনগণ চিকিৎসাসেবা পাবে।
১২	সার্বিক অবস্থার উপর সুনির্দিষ্ট মন্তব্য/সুপারিশ (নির্দিষ্ট সময় উল্লেখপূর্বক পরামর্শ/সুপারিশ) 	থানচি উপজেলা বান্দরবান জেলার বান্দরবান জেলার ৭ টি উপজেলার মধ্যে থানচি সবচেয়ে বড় উপজেলা। এটি একটি দূর্গম পাহাড়ি এলাকা। এ উপজেলায় বর্তমানে ৪টি ইউনিয়ন রয়েছে। তিন্দু ইউনিয়ন এদের মধ্যে অন্যতম একটি ইউনিয়ন। থানচি উপজেলার ৪টি ইউনয়নের মধ্যে তিন্দু ইউনিয়নের জনসংখ্যা সবচেয়ে বেশী। অথচ সরকারি ভাবে এ দূর্গম ইউনিয়নে কোনো সেবা কেন্দ্র নাই। উপজেলা সদর থেকে এ ইউনিয়নে যাওয়ার একমাত্র মাধ্যম নদীপথ। দূরত্ব প্রায় ২০ কিলোমিটার। সেটেলাইট ক্লিনিকের মাধ্যমে এ ইউনিয়নের সাধারন রোগী, গর্ভবতী মা, কিষোর-কিশোরী সেবা প্রদান করা হয়ে থাকে। জরুরী প্রয়োজনে রোগীদের স্বাস্থ্য সেবা নিতে সদর বা জেলায় আসতে এলাকাবাসীদের অনেক দূর্ভোগ পোহাতে হয়। সুতরাং **এ ইউনিয়নে অতি সত্তর আধুনিক মানসম্মত একটি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র নির্মান করা প্রয়োজন।**

০৬.০১.২০২৪

পরিদর্শনকারী কর্মকর্তার স্বাক্ষর

নাসরিন পারভীন
উপসচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।